চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০৭ ফেব্রæয়ারি ২০১৮খ্রি.

স্থানীয় সরকার আইন অনুযায়ী বৈধ ও আইনগত কার্যক্রম সমূহ জনগন কর্তৃক মেনে চলার জন্য সিটি গভর্নেন্স প্রকল্পের সহযোগিতায় চসিকের আয়োজনে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম উদ্বোধন করেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

স্থানীয় সরকার সিটি কর্পোরেশন আইন ২০০৯ মোতাবেক বৈধ ও আইনগত কার্যক্রম সমূহ জনগণ কর্তৃক মেনে চলার জন্য সিটি গভর্নেন্স প্রকল্পের সহযোগিতায় চসিকের আয়োজনে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে প্রচার কার্যক্রম র‌্যালি ফেষ্টুন উড়িয়ে উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। ৭ ফেব্রæয়ারি ২০১৮ খ্রি. বুধবার, সকালে নগর ভবন থেকে শুরু হওয়া র‌্যালিটি নগরীর বিভিন্ন রাজপদ প্রদক্ষিন শেষে প্রেস ক্লাব চত্বর ঘুরে পুনরায় নগর ভবনে শেষ হয়। র‌্যালিতে ট্রাফিক আইন মেনে চলা, সময়মত পৌরকর এবং ট্রেড লাইসেন্স ফি পরিশোধ করা, বাল্য বিয়ে বন্ধ করা, জঙ্গী দমনে সহায়তা প্রদান, সময়মত ওয়াসার বিল পরিশোধ, ব্যবসা পরিচালনার পূর্বে ট্রেড লাইসেন্স গ্রহন, বিল্ডিং কোড মেনে বাড়ি নির্মাণ, নির্ধারিত স্থানে ময়লা আবর্জনা ফেলা, খোলা জায়গায় মল-মূত্র ত্যাগ না করা, রাস্তার উপরে কোন ধরনের প্রতিবন্ধকতা সৃষ্টি করে জনগণের চলাচলে বাধা প্রদান না করা, নির্মাণ সামগ্রী রাস্তার উপর রেখে জনসাধারণের চলাচলে বিগ্ন সৃষ্টি না করা, শিশুদের নিয়মিত টীকা দেয়া, বৃক্ষ রোপন করা, শিশুদের সময়মত স্কুলে পাঠানো, খোলা জায়গায় ধুমপান না করা,বিদ্যুৎ ও গ্যাস ব্যবহারে সাশ্রয়ী হউন, ফুটপাতে দোকান বসাবেন না ইত্যাদি শ্লোগান সম্বলিত ব্যানার, জনসচেতনতামূলক ফেষ্টুন, প্লে-কার্ড প্রদর্শিত হয়। এতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর এইচ এম সোহেল, প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান শিক্ষা কর্মকর্তা নাজিয়া শিরিন, স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস, নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আকতার, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী, স্থপতি এ কে এম রেজাউল করিম, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগীয় ও শাখা প্রধানগণ এবং বিভিন্ন শ্রেণি ও পেশার নাগরিক, ছাত্র-ছাত্রী ও যুবসম্প্রদায় এবং সিজিপি এর মো. চুন্নু হোসেন, নাঈম মোহাম্মদ, রবি মং মারমা, মো. ওবায়দুর রহমান সহ সংশ্লিষ্টরা অংশ নেন।

চট্টগ্রাম- ০৭ ফেব্রæয়ারি ২০১৮খ্রি.

নান্দনিক নগরী গড়ার প্রত্যয়ে স্থপতিদের সাথে

সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনের মতবিনিময়

চট্টগ্রাম নগরীকে বিশ্বমানের নান্দনিক ও সবুজ নগরী চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীনের ঐকান্তিক প্রয়াসের বাস্তবায়ন হচ্ছে। নগরীর এয়ারপোর্ট রোড, কাজীর দেউরী এলাকা সহ মিড আইল্যান্ড, ফুটপাত, গোলচত্বর বিউটিফিকেশনের আওতায় আসছে। এ কর্মসূচির আওতায় জামাল খান ওয়ার্ড, উত্তর কাট্টলী ওয়ার্ডগুলোকে সাজানো হচ্ছে নান্দনিক সাজে। সিটি মেয়র তাঁর ভিশন বাস্তবায়নে নিয়োজিত স্থপতিদের নিয়ে গত ৬ ফেব্রæয়ারি ২০১৮ খ্রি. মঙ্গলবার, সন্ধ্যায় নগর ভবনে সম্মেলন কক্ষে এক মতবিনিময় করেন। এ সময় প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, স্থপতি সোহেল মোহাম্মদ শাকুর, আশিক ইমরান, জাইকা প্রকল্পের ডিপিডিএসএ এম মাহফুজুল হোসেন, অরিন্দ দে, এ কে এম ইব্রাহিম চৌধুরী, সোহান মাসুদ, আবদুল আহাদ, মো. সাজ্জাদ, ইঞ্জিনিয়ার আমিনুল ইসলাম, ফরিদ উদ্দিন, বিপ্লব দাশ, ঝুলন কুমার দাশ, আবদুল্লাহ আল ওমর, সামিউল হাসান রুমান ও জামাল উদ্দিন সহ অন্যরা উপস্থিত ছিলেন। মতবিনিময়ে নগরীর সৌন্দর্য বৃদ্ধির নানা কৌশল পাওয়ার পয়েন্টে উপস্থাপন করা হয়। স্থপতিগণ তাদের সুচিন্তিত মতামত মেয়রের নিকট তুলে ধরেন। মেয়র স্থপতিদের ডিজাইন ও নানামুখি পরিকল্পনা সমূহ বিবেচনায় আনেন এবং সৌন্দর্য বর্ধনের কাজ দ্রুত শেষ করার তাগিদ দেন।

চট্টগ্রাম- ০৭ ফেব্রæয়ারি ২০১৮খ্রি.

বন্দর থানার ৩৭নং ওয়ার্ডের মনিরনগর এলাকায় টোল প্লাজা সংলগ্ন রাস্তার পার্শ্বের বস্তি ঘরে পতিতা ব্যবসা বন্ধের দাবীতে মেয়র বরাবরে স্মারকলিপি

৬ ফেব্রæয়ারি ২০১৮ খ্রি. মঙ্গলবার, সন্ধ্যায় নগর ভবনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীনের নিকট নগরীর বন্দর থানাধীন ৩৭নং মুনিরনগর ওয়ার্ড এর কাউন্সিলর ও স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ তাদের ওয়ার্ডের টোলপ্লাজা সংলগ্ন রাস্তার পার্শ্বে বস্তি ঘরে গড়ে উঠা পতিতালয় বন্ধ ও উচ্ছেদ করার দাবীতে স্মারকলিপি প্রদান করেন। স্মারকলিপিতে তারা বলেন, জরিনা মফজল সিটি কর্পোরেশন ডিগ্রী কলেজের আশপাশে বস্তি ঘরে কিছু দুস্কৃতিকারীর আশ্রয়-প্রশ্রয়ে পতিতা ব্যবসা, মদ, জুয়া-গাঁজা, হাউজি ও ইয়াবা সহ নানা ধরনের মাদকের ব্যবসা পরিচালনার কথা তুলে ধরে প্রতিকার চান। মেয়র স্মারকলিপি গ্রহণ করে এ বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহন করার জন্য চসিক ম্যাজিস্ট্রেট এবং পুলিশ কর্তৃপক্ষকে নির্দেশনা দেন। স্মারকলিপি প্রদানকালে স্থানীয় কাউন্সিলর শফিউল আলম, সমাজ সেবক মোহাম্মদ শাহজাহান, মানবাধিকার নেত্রী মিসেস জাহানারা সিকদার, মাওলানা মহিউদ্দিন আল কাদেরী, মোহাম্মদ নওশাদ, সাদ্দাম হোসেন, সাজ্জাদ, নুরুল আলম মেম্বার, আবিদ আলী, সোহেল সহ অন্যরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ০৭ ফেব্রæয়ারি ২০১৮খ্রি.

২০১৭-২০১৮ অর্থ বছরে ৪১নং ওয়ার্ডে এডিপি ও থোক মিলে ৮১ কোটি ৩২ লক্ষ ৫০ হাজার টাকার উন্নয়ন কাজ উদ্বোধন করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৪১নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ডে ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপিভুক্ত ৭৬ কোটি ৫১ লক্ষ ৮৫ হাজার এবং রাজস্ব খাতে ৪ কোটি ৮০ লক্ষ ৬৬ হাজার সহ মোট ৮১ কোটি ৩২ লক্ষ ৫০ হাজার টাকার উন্নয়ন কাজের ২৩ টি প্রকল্পের ফলক উম্মোচন করেন ০৭ ফেব্রæয়ারি ২০১৮ খ্রি. বুধবার, দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। ফলক উন্মোচনের সময় মোনাজাত পরিচালনা করেন মাওলানা রবিউল আলম আল কাদেরী। পরে বাটারফ্লাই চত্বরে ৪১ নং ওয়ার্ডে অনুষ্ঠিত সুধী সমাবেশে প্রধান অতিথি ছিলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন। এতে সভাপতিত্ব করেন ৪১নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ড কাউন্সিলর ছালেহ আহমদ চৌধুরী। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম এর উপস্থাপনায় অনুষ্ঠিত সুধি সমাবেশে বক্তব্য রাখেন ১৪ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস শাহনুর বেগম, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, তত্বাবধায়ক প্রকৌশলী আবু ছালেহ, নির্বাহী প্রকৌশলী অসিম বড়–য়া, ইরাদ আলী, স্থানীয় ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক নুরুল আলম, সাবেক সভাপতি নুরুল আলম টেন্ডল, ব্যবসায়ী নেতা ওয়াহিদুল আলম, ঠিকাদার সুজিত দাশ, জাবেদ সহ অন্যরা। অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন আওয়ামীলীগ নেতা জাহাঙ্গীর আলম, আবুল হোসেন, মো. সেলিম, জোনাব আলী, আবদুল কাদের, মো. ইসলাম, আবদুল গফুর, ইয়াছমিন আকতার, আবুল কাশেম ভুঁইয়া, আবুল বশর, আবু ছালেহ, আবদুল হালিম,মোস্তফা কামাল, ওয়াহিদুল আলম চৌধুরী,আমিমুল আহসান সুমন, আবদুল্লাহ আল মামুন, লোকমান হাকিম, মুসা আলম, শরিফ, কামরুল ইসলাম রাসেল, জাবেদুল ইসলাম শিপন, আকতার হামিদ, ভিরু সহ অন্যরা। প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন বলেন, তাঁর মেয়াদের মধ্যে নগরীর অলিগলি রাজপথ সম্পুর্ন পাকা করা হবে এবং এলইডি লাইটিং এর মাধ্যমে নগরীকে আলোকিত করা হবে। তিনি বলেন, তার ভিশন অনুযায়ী চট্টগ্রামকে নান্দনিক সাজে সাজানো হচ্ছে। এ কার্যক্রমের আওতায় ৪১নং ওয়ার্ডের এয়ারপোর্ট রোড সহ গুরুত্বপূর্ণ সড়কগুলোকে অপরূপ সাজে সাজানো হচ্ছে। মেয়র বলেন, চট্টগ্রামকে বিশ্বমানের বাসপোযোগী নান্দনিক শহর গড়ার প্রত্যয় বাস্তবায়ন করা হবে। প্রসঙ্গক্রমে মেয়র বলেন, কর্ণফুলীর নদীর তলদেশে টানেল নির্মাণ কার্যক্রম শুরু হয়েছে। এ কাজ সম্পূর্ণ হলে দক্ষিণ চট্টগ্রাম, কক্সবাজার সহ পার্বত্য জেলার সাথে চট্টগ্রাম নগরীর যোগাযোগ বৃদ্ধি পাবে। এর ফলে নগরীর জনসংখ্যা বৃদ্ধি পেয়ে মেগাসিটিতে পরিণত হবে এবং ব্যবসা বাণিজ্যের উন্নয়ন হবে। তিনি বলেন, আসন্ন মেগাসিটির কনসেপ্ট থেকে নগর উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে। মেয়র আ জ ম নাছির উদ্দীন নিয়মিত পৌরকর দিয়ে উন্নয়ন কার্যক্রম গতিশীল রাখতে নাগরিকদের প্রতি আহ্বান জানান।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা